



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-02-8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৪০০২

তারিখঃ ০৬/১১/২০১৬ খ্রিস্টাব্দ।

উপপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
জেলা-----।

বিষয়ঃ দৈনিক জমা রেজিস্টার ও দৈনিক জমা রসিদ বহি প্রেরণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” প্রকল্পভূক্ত উপজেলাসমূহে কর্মরত মাঠ সংগঠকগণ সুফলভোগী সদস্যদের নিকট হতে ভর্তি ফি, সঞ্চয় আমানত ও ঋণের কিস্তি বাবদ গৃহীত অর্থ সরাসরি সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করেন। সমিতির সদস্যদের নিকট হতে দৈনন্দিন আদায়কৃত/গৃহীত অর্থ ঐ দিনেই ব্যাংকে জমা করা মাঠ সংগঠকের পক্ষে অনেক ক্ষেত্রে সময় সাপেক্ষ, শ্রমসাধ্য ও ঝুঁকিপূর্ণ হয়ে পরে। উদ্ভূত সমস্যা নিরসনকল্পে মাঠ সংগঠক কর্তৃক আদায়কৃত অর্থ প্রকল্পের হিসাব সহকারী/ এআরডিও’র মাধ্যমে ব্যাংকে জমা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সিদ্ধান্ত অধিকতর সহজ, স্বচ্ছ ও গতিশীলভাবে বাস্তবায়নের লক্ষ্যে দৈনিক জমা রেজিস্টার ও দৈনিক জমা রসিদ বহি ব্যবহার করা হবে।

এমতাবস্থায়, আপনার জেলাধীন প্রকল্পভূক্ত প্রতি উপজেলার বিপরীতে ০১ (এক) টি করে দৈনিক জমা রেজিস্টার ও ১৫ (পনের) টি করে দৈনিক জমা রসিদ বহি সরবরাহ করা হলো। সরবরাহকৃত দৈনিক জমা রেজিস্টার ও দৈনিক জমা রসিদ বহি এর ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা পরবর্তিতে পত্রের মাধ্যমে অবহিত করা হবে। প্রেরিত রেজিস্টার ও রসিদ বহি সংশ্লিষ্ট উপজেলার দায়িত্বশীল অফিসারের নিকট হস্তান্তরপূর্বক সার্ভিস রিটার্ন সংরক্ষণ করতে এবং উহার ছায়ািলিপি অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং- ০২-৮১৮০১৪৪

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, -----উপজেলা,-----জেলা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৪। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), -----উপজেলা,-----জেলা
(জেলা দপ্তর হতে ০১ (এক) টি দৈনিক জমা রেজিস্টার ও ১৫ (পনের) টি দৈনিক জমা রসিদ বহি সংগ্রহ করতে অনুরোধ করা হলো)।
- ৬। অফিস কপি।